(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাট
publiclibrary.lalmonirhat.gov.bd

**স্মারক নম্বর:** ৪৩.২৬.৫২০০.০০০.০০০.১৮.০০০১.২৫.৩৬

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩
১২ জুলাই ২০২৬

বিষয়: **জেলা সরকারি গণগ্রন্থাগারে বিশেষ চাহিদাসম্পন্ন পাঠকদের ব্যবহারার্থে হুইলচেয়ার সরবরাহের অনুরোধ।**
সূত্র: গণগ্রন্থাগার অধিদপ্তরে ৪৩.২৬.০০০.০০১.০৯.০০০১.১৮.২০২৬-৩৪৫৪ নং মোতাবেক

**উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বিনীত নিবেদন এই যে,** গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক গৃহীত **নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের লক্ষ্যে ১৮০ দিনের কর্মপরিকল্পনা** অনুযায়ী বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের জন্য অন্তর্ভুক্তিমূলক ও প্রতিবন্ধীবান্ধব গ্রন্থাগারসেবা নিশ্চিতকরণে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এর অংশ হিসেবে জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাটে বিশেষ চাহিদাসম্পন্ন পাঠকদের নির্বিঘ্ন যাতায়াত এবং গ্রন্থাগারসেবা গ্রহণের সুবিধা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
বর্তমানে এ গ্রন্থাগারে বিশেষ চাহিদাসম্পন্ন পাঠকদের ব্যবহারের জন্য কোনো হুইলচেয়ার নেই। ফলে শারীরিক প্রতিবন্ধিতা বা চলাচলজনিত সীমাবদ্ধতা রয়েছে এমন পাঠকদের গ্রন্থাগার ব্যবহার ও গ্রন্থাগারসেবা গ্রহণে অসুবিধার সম্মুখীন হতে হয়।
এমতাবস্থায়, বিশেষ চাহিদাসম্পন্ন পাঠকদের জন্য একটি অন্তর্ভুক্তিমূলক ও প্রতিবন্ধীবান্ধব গ্রন্থাগার পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাটের অনুকূলে **০২ (দুই)টি হুইলচেয়ার** সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
আপনার সদয় সহযোগিতা বিশেষ চাহিদাসম্পন্ন নাগরিকদের জন্য সরকারি সেবায় সমঅধিকার ও সহজ প্রবেশগম্যতা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

১২-০৭-২০২৬
সি এম শাহিনুর রহমান
সহকারী লাইব্রেরিয়ান

প্রতিবন্ধি বিষয়ক কর্মকর্তা
প্রতিবন্ধি সেবা ও সাহায্য কেন্দ্র, লালমনিরহাট।

**স্মারক নম্বর:** ৪৩.২৬.৫২০০.০০০.০০০.১৮.০০০১.২৫.৩৬/১ (৫)

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩
১২ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর (সদয় অবগতির জন্য)।
২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (সদয় অবগতরি জন্য)।
৩। উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর (সদয় অবগতির জন্য)।
৪। ডাটা এন্ট্রি অপারেটর, জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাট (ওয়েব পোর্টলে প্রকাশের জন্য)।
৫। অফিস কপি, সংশ্লিষ্ট দপ্তর।

১২-০৭-২০২৬
সি এম শাহিনুর রহমান
সহকারী লাইব্রেরিয়ান